# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩১

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ চাটাই-এর উপর সালাত আদায় করা।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ عَلَى الْخُمْرَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصَلِّي عَلَى الْخُمْرَةِ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ حَبِيبَةَ وَابْنِ عُمَرَ وَأُمِّ سُلَيْمٍ وَعَائِشَةَ وَمَيْمُونَةَ وَأُمِّ كُلْثُومٍ بِنْتِ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الأَسَدِ وَلَمْ تَسْمَعْ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَأُمِّ سَلَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَبِهِ يَقُولُ بَعْضُ أَهْلِ الْعِلْمِ . وَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ قَدْ ثَبَتَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم الصَّلاَةُ عَلَى الْخُمْرَةِ . قَالَ أَبُو عِيسَى وَالْخُمْرَةُ هُوَ حَصِيرٌ قَصِيرٌ .

বাংলা

৩৩১. কুতায়বা (রহঃ) ..... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুমরা বা চাটাই-এর উপর সালাত আদায় করতেন। - ইবনু মাজাহ, বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উম্মু হাবীবা, ইবনু উমর, উম্মু সুলায়ম, আয়িশা, মায়মূনা, উম্মু কলসুম বিনত আবী সালামা ইবনু আবদিল আসাদ ও উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহআ থেকেও হাদীস বর্ণিত আছে। তবে উম্মু কুলসুম (রহঃ) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বরাসরি কোন হাদীস শোনেন নি। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। আলিমগণের অনেকেই এই হাদীস অনুসারে অভিমত ব্যক্ত করেছেন। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাটাই-এর উপর সালাত পড়েছেন বলে প্রমাণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ 'খুমরা' অর্থ হল ছোট চাটাই।

## English

Ibn Abbas narrated:
"Allah's Messenger performed Salat on a Khumrah."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17520

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন